মেহেরপুরে শুরু জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন

মেহেরপুরে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে। জেলার ৪৭৪টি কেন্দ্রে ৬ থেকে ৫৯ মাস বয়সী মোট ৭৫ হাজার ৬১৫ জন শিশুকে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

রোববার সকালে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল প্রাঙ্গণে এক শিশুকে ভিটামিন এ প্লাস ক্যাপসুল খাওয়ানোর মাধ্যমে ক্যাম্পেইনের উদ্বোধন করেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

এ সময় উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. এ.কে.এম. আবু সাঈদ, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আনজুমান আরা এবং মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক।

সিভিল সার্জন অফিস সূত্রে জানা যায়, ক্যাম্পেইনের আওতায় ৬ থেকে ১১ মাস বয়সী ৯ হাজার ৬১৬ জন এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৬৫ হাজার ৯৯৯ জন শিশুকে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

উপজেলাভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী, সদর উপজেলার ১২১টি কেন্দ্রে ২১ হাজার ১৩৬ জন, গাংনী উপজেলার ২১৭টি কেন্দ্রে ৪০ হাজার ৮০০ জন, মুজিবনগর উপজেলার ৯৭টি কেন্দ্রে ৯ হাজার ২০০ জন এবং মেহেরপুর পৌরসভার ৩৯টি কেন্দ্রে ৪ হাজার ৪৭৯ জন শিশুকে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, ভিটামিন ‘এ’ ক্যাপসুল শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি, দৃষ্টিশক্তি সুরক্ষা এবং অপুষ্টিজনিত ঝুঁকি কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই নির্ধারিত বয়সী সব শিশুকে নিকটস্থ কেন্দ্রে নিয়ে গিয়ে ক্যাপসুল খাওয়ানোর জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানানো হয়েছে।